### যুদ্ধাপরাধীদের বিচারের অঙ্গীকার

# সিলেটে 'আবার ৭১' তরুণ মুক্তিসেনা ক্যাম্প সমাপ্ত

সিলেট অফিস

মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন এবং যুদ্ধাপরাধীদের বিচারের অঙ্গীকারের মধ্য দিয়ে গতকাল শনিবার সিলেটে শেষ হয়েছে দুই দিনব্যাপী তরুণ মুক্তিসেনা ক্যাম্প। সমাপনী অনুষ্ঠানে বক্তারা বলেছেন, মাতৃভাষা ও মাতৃভূমির জন্য জীবন দেওয়ার নজির পৃথিবীতে একমাত্র আমাদেরই। ৪০ বছর পেরিয়ে গেলেও এবার সময় এসেছে যুদ্ধাপরাধীদের বিচার করে পৃথিবীর বুকে দৃষ্টান্ত স্থাপন করার।' তাঁরা আরো বলেন, 'এদের যদি সময়মতো বিচারের মুখোমুখি করা হতো, তাহলে আজ স্বাধীনতাবিরোধীরা গাড়িতে জাতীয় পতাকা নিয়ে ঘুরতে পারত না।'

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের মুট কোর্ট সোসাইটির উদ্যোগে দুই দিনব্যাপী 'আবার ৭১' তরুণ মুক্তিসেনা ক্যাম্প গতকাল শেষ হয়েছে। বিকেলে সিলেট জেলা পরিষদ মিলনায়তনে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সিলেট সিটি করপোরেশনের মেয়র বদরউদ্দিন আহমদ কামরান। জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের ডেপুটি কমান্ডার বেলায়েত হোসেন খানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য দেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. আইনুন নিশাত, বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক খন্দকার শামসুদ্দিন মাহমুদ, মুক্তিযোদ্ধা মাসুক উদ্দিন আহমদ ও ঘাতক দালাল নির্মূল কমিটি সিলেটের সদস্যসচিব নিজাম উদ্দিন লস্কর। অন্যান্যের মধ্যে বক্তব্য দেন আবার ৭১-এর পরিকল্পনাকারী ও প্রধান সমন্বয়কারী ড. তুরিন আফরোজ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন মুট কোর্ট সোসাইটির সভাপতি মুহসিনা ফারহাত চৌধুরী। তরুণ মুক্তিসেনা ক্যাম্পে অংশ নেওয়া সিলেটের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ১৭ জন শিক্ষার্থীর দৃষ্টিভঙ্গি ও ভাবনা তুলে ধরে মুট কোর্ট সোসাইটির সাধারণ সম্পাদক কাজী তিউনি জীন্নাত বলেন, 'তরুণসমাজের দাবি, আমাদের মাটিতে যুদ্ধাপরাধীদের বিচার হতেই হবে।'

UK Visa Services
- Work Visas - Business Visas
- Family Visas - Student Visas
- Travel Visas
APPLY



খবর -এর আরো সংবাদ

- আমরা ভেতরে ভেতরে প্রস্তুতি নিয়ে রেখেছি
- তারেককে দশ ট্রাক অস্ত্র ও ২১ আগস্ট হামলার মামলায় জড়ানোর চেষ্টা চলছে : ফখরুল
- ২০ হাজার শিক্ষাপ্রতিষ্ঠানে গড়ে তোলা হচ্ছে মাল্টিমিডিয়া ক্লাসরুম
- জেনেভা যাচ্ছেন প্রধানমন্ত্রী
- খালেদার উপদেষ্টা রুহুল আলমকে বিমান থেকে নামিয়ে আনা হলো
- জুনের মধ্যে নতুন বিদ্যুৎ সংযোগের বিষয়ে বিবেচনা হবে
- কাল থেকে আইসিডিতে কনটেইনার রাখা বন্ধ
- ভুয়া তালিকায় অতিরিক্ত ৪৯ শিশুর নামে টাকা আদায়
- চিকিৎসকদের অবহেলায় রোগীরা বিদেশে যায়

পাঠকের মন্তব্য

সরকারী কর্মচারীদের ভিক্ষুকের মত রেখে আগামী বাজেট . . .

sikdar dastagir, Dhaka, Bangladesh

বিমানের সব অডিট আপত্তিগুলো যাচাই করে দেখবেন। . . .

sikdar dastagir, Dhaka, Bangladesh

পারভেজ খান সব সময় কঠিন জটিল রিপোর্ট . . .

Khwaza Muhammad Masum, Dhaka, Bangladesh

আরো মন্তব্য »

কালের কণ্ঠ

ORION GROUP

অনলাইন জরিপ

আজকের প্রশ্ন

ব্যারিস্টার মওদুদ আহমদ বলেছেন, খালেদা জিয়ার বিরুদ্ধে থাকা মামলাগুলো প্রত্যাহার করলে বিএনপি সংসদে যাবে। মামলাগুলো প্রত্যাহার করা উচিত বলে মনে করেন কি?

○ হ্যাঁ ○ না

মতামত দিন

বিজ্ঞাপনের মূল্য তালিকা (প্রিন্ট সংস্করণ)



বাংলা পড়তে অসুবিধা হলে এখানে ক্লিক করে ফন্টটি ডাউনলোড করে নিন

আজকের পাঠকসংখ্যা

৩৬৮৮০৬

পুরোনো সংখ্যা

মে ২০১১

» কালের কণ্ঠ ওয়েব সম্পর্কে আপনার মতামত দিন

সকল ফিচার

স্পটলাইট | ডাক্তার আছেন | বিশেষ দ্রষ্টব্য | অন্যকোনখানে
পড়ালেখা এস এস সি ২০১১ | টুন টুন টিন টিন | অবাক পৃথিবী | ন্যায়দণ্ড | সহায়
জয়িতা | ক্যাম্পাস | সিলেবাসে নেই | টেকবিশ্ব | বাতিঘর